গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
**বাজেট ও অডিট শাখা**
**www.mopme.gov.bd**

নং-৩৮.০০৬.০২০.০৭.০০.০৪৫.২০০৯-**১৩৮**

তারিখ ঃ ৬ জ্যৈষ্ঠ ১৪২০ বঙ্গাব্দ / ২০ মে ২০১৩ খ্রিস্টাব্দ

# পরিপত্র

আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের অধীনস্ত প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও এর আওতাধীন দপ্তরসমূহের জন্য রাজস্ব বাজেটের অর্থনৈতিক কোড নং ৪৯৩১-অন্যান্য ভবন ও স্থাপনা খাতে বরাদ্দকৃত অর্থ দ্বারা গ্রামীণ ও শহর এলাকার সরকারি প্রাথমিক বিদ্যালয় ও পরীক্ষণ বিদ্যালয় (৩-২৪৩২-০০০০), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, জেলা প্রাথমিক শিক্ষা অফিস ও উপজেলা রিসোর্স সেন্টার (৩-২৪৩১-০০০১), প্রাথমিক শিক্ষক প্রশিক্ষণ প্রতিষ্ঠানসমূহ (৩-২৪৩৩-০০০০), উপজেলা শিক্ষা অফিসসমূহের (৩-২৪৩৪-০০০০) ভবন ও অন্যান্য অবকাঠামো মেরামত/সংস্কার/পুনর্নির্মাণ এবং আসবাবপত্র সংগ্রহ/মেরামত ও বৈদ্যুতিক যন্ত্রাংশ সংগ্রহ/মেরামতের জন্য সরকার নিম্নবর্ণিত নীতিমালা প্রণয়ন করছেঃ

**শর্তাবলীঃ**

১। **অর্থ বরাদ্দের নীতিমালাঃ**

(১) এ অর্থ ব্যয়ে সরকারের প্রচলিত আর্থিক বিধি বিধান অনুসরণসহ যাবতীয় আনুষ্ঠানিকতা পালন করতে হবে;

(২) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা শিক্ষা কর্মকর্তা এবং উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি), প্রাথমিক বিদ্যালয়সমূহ পরিদর্শন করে **ইউনিয়নভিত্তিক** মেরামত-সংস্কারযোগ্য প্রাথমিক বিদ্যালয়ের শ্রেণীবিন্যাসসহ (অধিক ক্ষতিগ্রস্ত ***, মধ্যম ক্ষতিগ্রস্ত **, স্বল্প ক্ষতিগ্রস্ত * এবং সাধারণ সংস্কার # চিহ্নিত উল্লেখপূর্বক) তালিকা বিদ্যালয়ের কোড নম্বর উল্লেখপূর্বক আবশ্যকভাবে প্রণয়ন করবেন। তালিকা প্রণয়নকালে প্রতিটি বিদ্যালয়/প্রতিষ্ঠানে কী কী ধরণের মেরামত সংস্কার কাজ করতে হবে তা **সংশ্লিষ্ট প্রধান শিক্ষক/প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে লিখিত চাহিদা সংগ্রহপূর্বক চিহ্নিত করতে হবে।** উল্লিখিত তালিকা উপজেলা শিক্ষা কমিটির সভায় পেশ করতে হবে। উপজেলা শিক্ষা কমিটির সভার সিদ্ধান্ত অনুসারে মেরামত/সংস্কার/বৈদ্যুতিক যন্ত্রাংশ সংগ্রহ-মেরামত/ আসবাবপত্র সংগ্রহ সহ বিদ্যালয়ের বিদ্যালয় কোড উল্লেখপূর্বক তালিকা প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে (সদর) প্রেরণ করতে হবে । সংশ্লিষ্ট অর্থবছরে কি পরিমাণ অর্থ বরাদ্দ আছে । বরাদ্দকৃত অর্থ হতে কি পরিমাণ অর্থ অবশিষ্ট আছে (প্রযোজ্য ক্ষেত্রে) তা আবশ্যকভাবে উল্লেখপূর্বক তালিকা যাচাই-বাছাই করে অর্থবছরের **৩১ জুলাই** এর মধ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (সদর) কর্তৃক প্রস্তাব আকারে স্বাক্ষরযুক্ত ৩ (তিন) প্রস্থ প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করবে। মন্ত্রণালয় কর্তৃক সম্মতি প্রাপ্তির পর প্রাথমিক শিক্ষা অধিদপ্তর সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয়/প্রতিষ্ঠানের বরাবরে অর্থ বরাদ্দে সম্মতি প্রদান করবে;

(৩) সরকারি (রেজিস্টার্ড বেসরকারি, কমিউনিটি স্কুল প্রযোজ্য ক্ষেত্রে) প্রাথমিক বিদ্যালয় ও পিটিআই সংলগ্ন পরীক্ষণ বিদ্যালয় মেরামত-সংস্কারের লক্ষ্যে উপজেলা শিক্ষা কমিটি কর্তৃক নির্বাচিত যেসব বিদ্যালয়ের তালিকা উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরিত হবে তার বাইরে অন্য কোন বিদ্যালয় মেরামতের কাজ করা যাবে না;

(৪) মধ্যম, স্বল্প ও সাধারণ মেরামত/সংস্কারযোগ্য গ্রামীণ ও শহর এলাকার প্রাথমিক বিদ্যালয়ের জন্য ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা। অধিক ক্ষতিগ্রস্ত *** বিদ্যালয়ের ক্ষেত্রে গ্রামীণ ও শহর এলাকায় প্রয়োজনভিত্তিক (need based) ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা হতে সর্বোচ্চ ৪,০০,০০০ (চার লক্ষ) টাকা পর্যন্ত বরাদ্দ দেয়া যাবে;

তবে, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় বিশেষ বিবেচনায় ঝুঁকিপূর্ণ প্রাথমিক বিদ্যালয়/প্রতিষ্ঠান মেরামত-সংস্কার/উর্ধ্বমুখী সম্প্রসারণ/পুনর্নির্মাণ/অবকাঠামো নির্মাণ/আসবাবপত্র সংগ্রহের লক্ষ্যে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর কর্তৃক প্রণীত প্রাক্কলনের আলোকে যে কোন পরিমাণ অর্থ বরাদ্দ প্রদানে সম্মতি দিতে পারবে;

(৫) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (সদর), পিটিআই, জেলা প্রাথমিক শিক্ষা অফিস (পাঠ্য বইয়ের গুদামসহ), উপজেলা শিক্ষা অফিস, উপজেলা রিসোর্স সেন্টার মেরামত ও সংস্কারের জন্য যথাক্রমে সর্বোচ্চ অধিক ক্ষতিগ্রস্ত *** ১০.০০ লক্ষ (দশ লক্ষ), ৩.০০ লক্ষ (তিন লক্ষ), ২.০০ লক্ষ (দুই লক্ষ), ১.৫০ লক্ষ (এক লক্ষ পঞ্চাশ হাজার) ও ২.০০ (দুই লক্ষ) টাকা বরাদ্দ দেয়া যেতে পারে;

(৬) দেশে বিদ্যমান পিটিআইসমূহের মেরামত ও সংস্কার লক্ষ্যে অধিক ক্ষতিগ্রস্ত ***, পিটিআই-এর ক্ষেত্রে প্রয়োজনভিত্তিক (need based) মেরামত-সংস্কারকল্পে (প্রযোজ্য ক্ষেত্রে পানির পাম্প/বৈদ্যুতিক

জেনারেটরসহ) প্রস্তাব প্রেরণ করা যাবে। সেক্ষেত্রে প্রাক্কলন মোতাবেক প্রয়োজনীয় পরিমাণ অর্থ বরাদ্দের উদ্যোগ গ্রহণ করা হবে। পিটিআই সুপারের সাথে আলোচনা করে ও লিখিত চাহিদা সংগ্রহপূর্বক এলজিইডি প্রাক্কলন প্রণয়ন করে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করবে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এলজিইডি কর্তৃক প্রণীত প্রাক্কলন যাচাই-বাছাই অন্তে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে অনুমোদনের জন্য প্রস্তাব প্রেরণ করবে। মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত হলে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (সদর) এলজিইডি'র অনুকূলে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ করবে;

(৭) দুর্যোগে ক্ষতিগ্রস্ত প্রাথমিক বিদ্যালয়/প্রতিষ্ঠান ব্যতীত অন্য সকল অধিক ক্ষতিগ্রস্ত *** মেরামত/সংস্কার/পুনর্নির্মাণের জন্য অর্থ বরাদ্দ দেয়া হলে পরবর্তী ৫ (পাঁচ) বছর ঐ সকল বিদ্যালয়/প্রতিষ্ঠানে মেরামত/সংস্কার/পুনর্নির্মাণ বাবদ কোন অর্থ বরাদ্দ প্রদান করা যাবে না;

(৮) উন্নয়ন প্রকল্পের আওতায় মেরামত কাজ চলছে অথবা মেরামতের জন্য তালিকাভুক্ত এমন কোন প্রাথমিক বিদ্যালয়/প্রতিষ্ঠান বরাবরে রাজস্ব খাত থেকে অর্থ বরাদ্দ দেয়া যাবে না। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণের সময় দ্বৈততা পরিহারের লক্ষে সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয়/প্রতিষ্ঠান মেরামত/সংস্কার/অবকাঠামো নির্মাণের জন্য উন্নয়ন প্রকল্পের আওতায় অন্তর্ভুক্ত নয় মর্মে উল্লেখ করতে হবে;

**(৯) ১০ জুলাই-এর মধ্যে মাঠ পর্যায় থেকে মেরামত-সংস্কারযোগ্য প্রতিষ্ঠানসমূহের তালিকা (অর্থের পরিমাণ উল্লেখপূর্বক) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করতে হবে। ৩১ জুলাই মধ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (সদর) হতে যাচাইঅন্তে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে তালিকাসহ স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণ করতে হবে (এক্সেল ফরমেটে ইমেইলসহ)। রাজস্ব বাজেটের আওতায় যে কোন প্রস্তাব প্রেরণের সময় অর্থনৈতিক কোড উল্লেখপূর্বক প্রস্তাবিত প্রাথমিক বিদ্যালয়/প্রতিষ্ঠানের সংশ্লিষ্ট অর্থবছরে কি পরিমাণ অর্থ বরাদ্দ আছে এবং কি পরিমাণ অর্থ অবশিষ্ট আছে (প্রযোজ্য ক্ষেত্রে) তা আবশ্যকভাবে উল্লেখ করতে হবে।**

২। **বাস্তবায়নকারী কর্তৃপক্ষঃ**

(ক) ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) **টাকা পর্যন্ত** এসএমসি।

**(খ) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (সদর) এসএমসি'র মাধ্যমে অর্থ বরাদ্দের ক্ষেত্রে ১,৫০,০০০+ সরকার নির্ধারিত ভ্যাট যোগ করে অর্থ বরাদ্দ দিবে (প্রযোজ্য ক্ষেত্রে)। উপজেলা/থানা পর্যায়ে সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তা সরকার নির্ধারিত ভ্যাট কর্তন করে কেন্দ্রিয়ভাবে সরকারি কোষাগারে অর্থ জমাপূর্বক অডিটের প্রয়োজনে চালানের একটি সত্যায়িত কপি সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষা অফিসার এবং সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকট সংরক্ষণের জন্য প্রেরণ নিশ্চিত করবেন;**

(গ) ১,৫০,০০০/- **টাকার উর্ধ্বে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) বাস্তবায়ন করবে। সরকার নির্ধারিত ভ্যাট প্রযোজ্য হবে। প্রাথমিক বিদ্যালয় মেরামত-সংস্কারের ১,৫০,০০০/- টাকার সিলিং ব্যতীত অন্যান্য সকল প্রতিষ্ঠানের মেরামত-সংস্কারের কাজ এলজিইডি'র মাধ্যমে বাস্তবায়ন করবে;**

(ঘ) উপজেলা শিক্ষা অফিসের ক্ষেত্রে সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসার এবং সহকারী উপজেলা শিক্ষা অফিসার (জ্যেষ্ঠ) ও ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টারের সমন্বয়ে কমিটি গঠনের মাধ্যমে;

(ঙ) উপজেলা রিসোর্স সেন্টারের ক্ষেত্রে সুপার, পিটিআই, উপজেলা শিক্ষা অফিসার ও ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার সমন্বয়ে কমিটি গঠনের মাধ্যমে;

(চ) উপজেলা/থানা মূল্যায়ন কমিটিতে উপজেলা/থানা শিক্ষা অফিসার সদস্য হিসেবে অন্তর্ভুক্ত থাকবে। কাজের গুণগত মান নিশ্চিত করার লক্ষ্যে উপজেলা/থানা শিক্ষা অফিসার, প্রতিষ্ঠান প্রধান-এর প্রত্যয়ন সংগ্রহপূর্বক এলজিইডি কর্তৃক চূড়ান্ত বিল পরিশোধ করতে হবে। নির্ধারিত কাজ মানসম্মতভাবে সম্পন্ন না করে কোন প্রত্যয়ন সংগ্রহ করা যাবে না। ব্যর্থতায় ডিডিও এবং সংশ্লিষ্ট প্রকৌশলীর (এলজিইডি) উপর দায়-দায়িত্ব বর্তাবে;

(ছ) ১৫ মার্চ তারিখের মধ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের (সদর দপ্তর) রাজস্ব বাজেট শাখায় Less money/ সমর্পণযোগ্য অর্থের (যদি থাকে) পরিমাণ উল্লেখপূর্বক অবহিতকরণ নিশ্চিত করতে হবে;

৩। **পরিবীক্ষণঃ**

**(ক) প্রাথমিক বিদ্যালয়ের মেরামত-সংস্কার কাজ সম্পাদনের লক্ষ্যে অর্থ বরাদ্দ প্রাপ্তির পর এসএমসি, পিটিএ, মাদার ক্লাব এবং স্থানীয় জনপ্রতিনিধি (ইউনিয়ন পরিষদের সংশ্লিষ্ট ওয়ার্ডের মহিলা মেম্বার বা মহিলা পৌর কাউন্সিলর) সমন্বয়ে প্রধান শিক্ষক একটি যৌথ সভা আহ্বান করবেন।** এ সভায় বিদ্যালয়ের জন্য প্রাপ্ত অর্থ

**বরাদ্দের পরিমাণ এবং এ অর্থ দিয়ে কি কি কাজ সম্পাদন হবে তা অবহিত করবেন। প্রধান শিক্ষক মেরামত-সংস্কারের লক্ষ্যে প্রণীত প্রাক্কলনে কি কাজ সম্পাদন হবে তা সদস্যদেরকে সরেজমিনে কাজের স্থানসমূহ দেখাবেন এবং প্রাক্কলনের ব্যাখ্যা দিবেন। সদস্যগণ নিয়মিত তদারকী করবেন । এ ধরণের সভার পৃথক একটি কার্যবিবরণীর বই রাখবেন। উক্ত বইয়ে সভার কার্যবিবরণী লিপিবদ্ধ করে এসএমসি'র সভাপতি কর্তৃক স্বাক্ষর নিবেন। সভায় উপস্থিত সদস্যের স্বাক্ষরসহ কার্যবিবরণী বইতে সংরক্ষণ করবেন।**

(খ) **প্রাথমিক বিদ্যালয়ের মেরামত-সংস্কার কাজ মানসম্মতভাবে সম্পাদন হওয়ার পর ৩(ক) পদ্ধতিতে প্রধান শিক্ষক পুনরায় সভা আহ্বান করবেন। এ সভায় সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয়ে বরাদ্দকৃত অর্থ দিয়ে কি কি কাজ সম্পাদন হয়েছে তা সরেজমিনে সদস্যদেরকে দেখাবেন ও । প্রকৃত ব্যয়ের হিসাব দিবেন। ৩(ক) এ বর্ণিত পদ্ধতি অনুসরণ করে এ সভার তথ্য সংরক্ষণ করবেন।**

৪। **তদারককারী প্রতিষ্ঠানঃ**

(ক) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, জেলা প্রশাসক, উপজেলা পরিষদ (নির্বাচিত প্রতিনিধি ও কর্মকর্তাবৃন্দ), সংশ্লিষ্ট বিভাগের ডিডি, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিসার ও উপজেলা প্রকৌশলী, এলজিইডি;

(খ) প্রাথমিক বিদ্যালয় মেরামত/সংস্কার/পুনর্নির্মাণের বিষয়ে বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটি ও প্রধান শিক্ষককে উপজেলা শিক্ষা অফিসার কর্তৃক পূর্বেই অবহিত করতে হবে।

৫। (ক) অধিক ক্ষতিগ্রস্ত (*** চিহ্নিত) যে সকল প্রাথমিক বিদ্যালয় মেরামত/সংস্কার/পুনর্নির্মাণের জন্য অর্থ বরাদ্দ করা হবে সে সকল বিদ্যালয়ের ক্ষেত্রে দর্শনীয় স্থানে ৪ফুট × ৬ ফুট মাপের একটি সাইন বোর্ড মজবুতভাবে খুঁটির সাহায্যে স্থাপন করতে হবে। সাইনবোর্ডে নিম্নোক্ত তথ্য সন্নিবেশিত থাকবেঃ

| | |
|---|---|
| বিদ্যালয়ের নাম | ঃ |
| কাজের ধরণ | ঃ |
| বরাদ্দকৃত অর্থের পরিমাণ | ঃ |
| সময়কাল | ঃ |
| বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | ঃ |

৬। **ব্যয় পদ্ধতিঃ**

(ক) ম্যানেজিং কমিটির অনুমোদনক্রমে সরকারি প্রাথমিক বিদ্যালয় (রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় ও কমিউনিটি বিদ্যালয়, প্রযোজ্য ক্ষেত্রে) ম্যানেজিং কমিটির সভাপতি এবং সদস্য-সচিব (প্রধান শিক্ষক) যুগ্মভাবে বরাদ্দকৃত অর্থ ব্যাংক হিসাবের মাধ্যমে উত্তোলন ও ব্যয় করবে;

(খ) পরীক্ষণ বিদ্যালয়ের ক্ষেত্রে সুপার, পিটিআই ও পরীক্ষণ বিদ্যালয়ের প্রধান শিক্ষক যৌথ স্বাক্ষরে বরাদ্দকৃত অর্থ ব্যাংক হিসাবের মাধ্যমে উত্তোলন ও ব্যয় করবে। সুপার, পিটিআই আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন;

(গ) প্রাথমিক বিদ্যালয়, উপজেলা শিক্ষা অফিস, উপজেলা রিসোর্স সেন্টার-এর বিল পরিশোধের ক্ষেত্রে উপজেলা নির্বাহী অফিসার আয়ন ব্যয়ন কর্মকর্তা হিসাবে দায়িত্ব পালন করবেন। উপজেলা নির্বাহী অফিসার এবং শিক্ষা কমিটির সদস্য সচিব (উপজেলা শিক্ষা কর্মকর্তা) এর যুগ্ম-স্বাক্ষরে পরিচালিত ব্যাংক একাউন্টের মাধ্যমে বরাদ্দকৃত অর্থ ব্যয়িত হবে;

(ঘ) উপজেলা শিক্ষা কমিটি কর্তৃক অনুমোদিত প্রাক্কলন অনুসারে ম্যানেজিং কমিটি অর্থ ব্যয় করে ব্যয়ের সমর্থনে বিল/ভাউচার বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সদস্য-সচিব উপজেলা নির্বাহী অফিসারের নিকট দাখিল করবে। উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা শিক্ষা কর্মকর্তা ও সংশিষ্ট উপজেলা প্রকৌশলী, এলজিইডি কর্তৃক ব্যয়ের যথার্থতা যাচাই অন্তে যথযথভাবে সংস্কার/মেরামত কাজ সম্পন্ন হয়েছে মর্মে নিশ্চিত হয়ে চুড়ান্ত বিল পরিশোধ করতে হবে;

(ঙ) প্রস্তাবিত কাজ উপজেলা শিক্ষা কমিটি সংশ্লিষ্ট মাননীয় সংসদ সদস্যকে অবহিত করবে;

(চ) **অডিটের প্রয়োজনে বিল-ভাউচার সংশ্লিষ্ট প্রধান শিক্ষক/প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সংরক্ষণ করতে হবে।**

৭। **মেট্রোপলিটান এলাকাধীন থানাসমূহের জন্যঃ**

(ক) প্রাথমিক বিদ্যালয়ের নির্বাচিত ম্যানেজিং কমিটি বিদ্যালয় মেরামতের প্রয়োজনীয়তা নিরূপণ করে সম্ভাব্য প্রয়োজনীয় অর্থের পরিমাণসহ সংশ্লিষ্ট থানা শিক্ষা কর্মকর্তার নিকট প্রস্তাব পেশ করবে;

(খ) থানা শিক্ষা কর্মকর্তা বিদ্যালয় ম্যানেজিং কমিটির নিকট হতে প্রাপ্ত মেরামত-সংস্কারযোগ্য প্রাথমিক বিদ্যালয়সমূহের তালিকা/প্রাক্কলন মহানগর সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী, এলজিইডি'র সহায়তায় প্রস্তুতপূর্বক অনুমোদনের জন্য মহানগর কমিটির নিকট উপস্থাপন করবে;

(গ) মহানগর শিক্ষা কমিটি থানা শিক্ষা অফিস থেকে প্রাপ্ত মেরামত-সংস্কারযোগ্য বিদ্যালয়ের (বিদ্যালয়ের কোড নম্বরও অর্থের পরিমান উল্লেখপূর্বক) তালিকা প্রাক্কলনের ভিত্তিতে অনুমোদনসহ অর্থ বরাদ্দের লক্ষ্যে প্রস্তাব প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করবে;

(ঘ) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর প্রাপ্ত তালিকা/প্রাক্কলন যাচাই-বাছাই অন্তে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে চূড়ান্ত প্রস্তাব প্রেরণ করবে। মন্ত্রণালয় কর্তৃক সম্মতি প্রাপ্তির পর প্রাথমিক শিক্ষা অধিদপ্তর সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের বরাবরে অর্থ বরাদ্দ করবে।

**(ঙ) অডিটের প্রয়োজনে বিল-ভাউচার সংশ্লিষ্ট প্রধান শিক্ষক/প্রতিষ্ঠান প্রধান কর্তৃক সংরক্ষণ করতে হবে।**

৮। **তদারককারী প্রতিষ্ঠানঃ**

(ক) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, জেলা প্রশাসক, বিভাগীয় উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, সংশ্লিষ্ট থানা শিক্ষা অফিসার;

(খ) প্রাথমিক বিদ্যালয় নির্মাণ/মেরামত/পুনর্নির্মাণের বিষয় বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি ও প্রধান শিক্ষককে থানা শিক্ষা অফিসার কর্তৃক পূর্বেই অবহিত করতে হবে;

(গ) প্রস্তাবিত কাজ মহানগর প্রাথমিক শিক্ষা কমিটি সংশিষ্ট মাননীয় সংসদ সদস্যকে অবহিত করবে।

৯। **বাস্তবায়নকারী কর্তৃপক্ষ ঃ**

**(ক) ১,৫০,০০০/- টাকা পর্যন্ত এসএমসি;**

**(খ) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (সদর) এসএমসি'র মাধ্যমে অর্থ বরাদ্দের ক্ষেত্রে ১,৫০,০০০/- + সরকার নির্ধারিত ভ্যাট যোগ করে অর্থ বরাদ্দ দিবে (প্রযোজ্য ক্ষেত্রে)। উপজেলা/থানা পর্যায়ে সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তা সরকার নির্ধারিত ভ্যাট কর্তন করে কেন্দ্রিয়ভাবে সরকারি কোষাগারে অর্থ জমাপূর্বক অডিটের প্রয়োজনে চালানের একটি সত্যায়িত কপি সংশ্লিষ্ট উপজেলা/থানা শিক্ষা অফিসার এবং সংশ্লিষ্ট প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের নিকট সংরক্ষণের জন্য প্রেরণ নিশ্চিত করবেন;**

**(গ) ১,৫০,০০০/- টাকার উর্ধ্বে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) বাস্তবায়ন করবে। সরকার নির্ধারিত ভ্যাট প্রযোজ্য হবে। প্রাথমিক বিদ্যালয় মেরামত-সংস্কারের ১,৫০,০০০/- টাকার সিলিং ব্যতীত অন্যান্য সকল প্রতিষ্ঠানের মেরামত-সংস্কারের কাজ এলজিইডি'র মাধ্যমে বাস্তবায়ন করবে।**

১০। **ব্যয় পদ্ধতিঃ**

(ক) ম্যানেজিং কমিটির অনুমোদনক্রমে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের (রেজিস্টার্ড বেসরকারি প্রাথমিক বিদ্যালয় ও কমিউনিটি বিদ্যালয়, প্রযোজ্য ক্ষেত্রে) ম্যানেজিং কমিটির সভাপতি এবং সদস্য-সচিব (প্রধান শিক্ষক) যুগ্মভাবে অর্থ ব্যাংক হিসাবের মাধ্যমে উত্তোলন ও ব্যয় করবেন;

(খ) যে সকল মহানগরীর থানা/উপজেলা নির্বাহী কর্মকর্তা নেই, সেক্ষেত্রে মহানগর সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী, এলজিইডি আয়ন ব্যয়ন কর্মকর্তা হিসাবে দায়িত্ব পালন করবেন। মহানগর সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, মহানগর শিক্ষা কমিটির সদস্য সচিব (মহানগর জেলা প্রাথমিক শিক্ষা অফিসার) এর যুগ্ম-স্বাক্ষরে পরিচালিত ব্যাংক একাউন্টের মাধ্যমে বরাদ্দকৃত এই অর্থ ব্যয়িত হবে;

(গ) মহানগর শিক্ষা কমিটি কর্তৃক অনুমোদিত প্রাক্কলন অনুসারে ম্যানেজিং কমিটি অর্থ ব্যয় করে ব্যয়ের সমর্থনে বিল/ভাউচার বিদ্যালয়ের ম্যানেজিং কমিটির সদস্য-সচিব কর্তৃক নির্বাহী প্রকৌশলী, এলজিইডি (আয়ন ও ব্যয়ন কর্মকর্তা)-এর নিকট দাখিল করবে। মহানগর সংশিষ্ট নির্বাহী প্রকৌশলী, এলজিইডি ও মহানগর জেলা প্রাথমিক শিক্ষা অফিসার কর্তৃক ব্যয়ের যথার্থতা যাচাই অন্তে যথযথভাবে সংস্কার/মেরামত কাজ সম্পন্ন হয়েছে মর্মে নিশ্চিত হয়ে চূড়ান্ত বিল পরিশোধ করতে হবে। নির্ধারিত কাজ মানসম্মতভাবে সম্পন্ন না করে কোন

প্রত্যয়ন সংগ্রহ করা যাবে না। আয়ন ও ব্যয়ন কর্মকর্তা পরিশোধকৃত ভ্যাট এর সত্যায়িত কপিসহ সকল বিল-ভাউচার সংশ্লিষ্ট প্রধান শিক্ষকের কাছে প্রেরণ করবেন। প্রধান শিক্ষক তা সংরক্ষণ করবেন।

১১। **অর্থ ব্যয়ের সময়কালঃ**

(ক) সংশিষ্ট অর্থ বৎসরের ৩০ মে'র মধ্যে মেরামত/সংস্কার/পুনর্নির্মাণ কাজ সমাপ্ত করে ৫ জুনের মধ্যে বিল পরিশোধ করতে হবে;

(জ) কোন অবস্থাতেই এক অর্থবছরের বিল অন্য অর্থবছরের বকেয়া হিসেবে পরিশোধ করা যাবে না। ব্যর্থতায় সংশ্লিষ্ট কর্মকর্তাদের উপর দায়-দায়িত্ব বর্তাবে;

(ঝ) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (সদর দপ্তর)-এর ক্ষেত্রে ১০ জুলাই-এর মধ্যে মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক ৪৯৩১-অন্যান্য ভবন ও স্থাপনা খাতে বরাদ্দকৃত অর্থের মেরামত/সংস্কার/পুনর্নির্মাণের সম্পাদিত কাজের ব্যয় বিবরণী প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। ব্যর্থতায় সংশ্লিষ্ট কর্মকর্তাদের উপর দায়-দায়িত্ব বর্তাবে;

(ঞ) জেলা প্রাথমিক শিক্ষা অফিস ও পিটিআই-এর ক্ষেত্রে সংস্থা প্রধান স্ব স্ব প্রতিষ্ঠানের মেরামত/সংস্কার/অবকাঠামো কাজ যথাযথ হয়েছে মর্মে প্রত্যয়নসহ সম্পাদিত কাজের ব্যয় বিবরণী ১০ জুলাই-এর মধ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মাধ্যমে এ মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। ব্যর্থতায় সংশ্লিষ্ট কর্মকর্তাদের উপর দায়-দায়িত্ব বর্তাবে;

(ট) ১০ জুলাই-এর মধ্যে উপজেলা শিক্ষা কর্মকর্তা, ইন্সট্রাক্টর, ইউআরসি কর্তৃক উপজেলা নির্বাহী অফিসারের প্রত্যয়নসহ মেরামত/সংস্কার/পুনর্নির্মাণ এর সম্পাদিত কাজের বিদ্যালয়/প্রতিষ্ঠানভিত্তিক বিস্তারিত ব্যয় বিবরণ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মাধ্যমে আবশ্যকভাবে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। এ সকল ক্ষেত্রে ব্যর্থতায় দায়-দায়িত্ব প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক নির্ধারণ করতে হবে।

১২। **পার্বত্য এলাকায় নির্মিত আবাসিক ছাত্রাবাস ভবন মেরামত/সংস্কারঃ**

(ক) সংশিষ্ট পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যান বা তাঁর মনোনীত সরকারি কর্মকর্তা পার্বত্য জেলা পরিষদের দুইজন প্রতিনিধি ও জেলা প্রাথমিক শিক্ষা অফিসার-এর সমন্বয়ে গঠিত কমিটি মেরামত-সংস্কারযোগ্য ছাত্রাবাস ভবনের তালিকা প্রণয়ন ও অনুমোদন করবে;

(খ) সংশ্লিষ্ট পার্বত্য জেলা পরিষদের প্রকৌশলী কর্তৃক ছাত্রবাস ভবন মেরামত-সংস্কার কাজের প্রাক্কলন প্রণয়ন করতে হবে। প্রণীত প্রাক্কলনসহ অর্থ বরাদ্দের প্রস্তাব পার্বত্য জেলা পরিষদ কর্তৃক প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করতে হবে। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর প্রাপ্ত তালিকা/প্রাক্কলন যাচাই-বাছাই করে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ করবে। মন্ত্রণালয়ের সম্মতির পর প্রাথমিক শিক্ষা অধিদপ্তর সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বরাবরে অর্থ বরাদ্দ করবে;

(গ) বরাদ্দকৃত অর্থের মধ্যে মেরামত-সংস্কার কাজের প্রস্তুতকৃত প্রাক্কলন সংশ্লিষ্ট পার্বত্য জেলা পরিষদ কর্তৃক অনুমোদিত হওয়ার পর পিপিএ/পিপিআর মোতাবেক কার্য সম্পাদন করতে হবে;

(ঘ) প্রতিটি ছাত্রাবাসের জন্য সর্বোচ্চ ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকার মেরামত কাজ করা যাবে। সরকার নির্ধারিত ভ্যাট প্রযোজ্য হবে;

(ঙ) আলোচ্য অর্থ ব্যয়ে যাবতীয় আর্থিক বিধি বিধান/নিয়মাবলী যথাযথভাবে অনুসরণ করতে হবে এবং Financial Propriety বজায় রাখতে হবে;

(চ) ১০ জুলাই-এর মধ্যে মেরামত/সংস্কার-এর সম্পাদিত কাজের বিদ্যালয়/ছাত্রাবাসভিত্তিক বিস্তারিত ব্যয় বিবরণ আয়ন-ব্যয়ন কর্মকর্তা কর্তৃক প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মাধ্যমে আবশ্যকভাবে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে। এ ক্ষেত্রে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর বিষয়টি সমন্বয় ও নিশ্চিত করবে। পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যান বা তাঁর কর্তৃক পরিষদের মনোনীত সরকারি কর্মকর্তা আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন।

১৩। নিরীক্ষার প্রয়োজনে ব্যয়িত অর্থের সমুদয় রেকর্ড সদর দপ্তর, পার্বত্য জেলা পরিষদ, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, পিটিআই, উপজেলা শিক্ষা অফিস, উপজেলা রিসোর্স সেন্টার ও সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে। নিরীক্ষাকালীন সময়ে ব্যয়িত অর্থের তথ্যাদি সঠিকভাবে উপস্থাপন করা না হলে, সেক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তাগণের উপর অডিট আপত্তির দায়-দায়িত্ব বর্তাবে। ব্যয়িত অর্থের খাতভিত্তিক ব্যয় বিবরণী প্রতিমাসের ১০ তারিখের মধ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (সদর দপ্তর)-এর মাধ্যমে এ মন্ত্রণালয়ে আবশ্যকভাবে প্রেরণ করতে হবে। এর ব্যত্যয় ঘটলে ব্যর্থতায় দায়-দায়িত্ব প্রাথমিক শিক্ষা অধিদপ্তর কর্তৃক নিরূপণ করতে হবে।

১৪। অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগ-এর ১১/০৯/২০০৩ তারিখের অম/অসবি-৩-বিবিধ-১/২০০২/২৭২ সংখ্যক স্মারক মোতাবেক প্রাথমিক বিদ্যালয়ের মেরামতের কাজ সংশ্লিষ্ট ম্যানেজিং কমিটি তদারকি করলেও নির্মাণ কাজের ক্ষেত্রে মূল্য সংযোজন কর (মূসক) প্রযোজ্য। উলেখ্য যে, মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর দ্বিতীয় তফসিলে উল্লিখিত সেবাসমূহ ব্যতীত অন্যান্য সকল সেবার উপর মূসক প্রদান করতে হবে। নির্মাণ কাজের সেবা উক্ত

তফসিলভুক্ত নয় বিধায় প্রাথমিক বিদ্যালয়ের মেরামতের ক্ষেত্রে 'নির্মাণ সংস্থা'-কে বিধি মোতাবেক মূসক প্রদান করতে হবে।

১৫। পরবর্তী আদেশ জারি না হওয়া পর্যন্ত এ নীতিমালা বলবৎ থাকবে। এ সংক্রান্তে এ মন্ত্রণালয়ের স্মারক নং-প্রাগম/বাঃ অঃ/৭বি-৪৫/২০০৯-২২৫, তারিখ:২০/০৭/২০১০ খ্রিঃ মূলে জারিকৃত নীতিমালাটি এতদ্বারা বাতিল করা হলো।

১৬। এতে অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর সম্মতি রয়েছে (০৭.১০১.০২০.০৩.২৪.০১৯.২০০৬)।

২০/৫/২০১৩

(মোঃ মারুনুর রশিদ)
যুগ্ম-সচিব
ফোনঃ ৯৫১২২৬১

**কার্যার্থে বিতরণঃ**

১। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (দৃঃ আঃ সিনিয়র সহকারী সচিব, বাজেট-১)।
২। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
(নীতিমালাটি বিদ্যালয়ের প্রধান শিক্ষক/প্রতিষ্ঠান প্রধানসহ সকলের নিকট প্রেরণ নিশ্চিত করার অনুরোধ করা হলো)।
৩। প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
(জেলা ও উপজেলা প্রকৌশলীদের কাছে নীতিমালা প্রেরণর অনুরোধ করা হলো)
৪। প্রধান নির্বাহী অফিসার, পার্বত্য জেলা পরিষদ, বান্দরবান/রাঙ্গামাটি/খাগড়াছড়ি
৫। বিভাগীয় উপ-পরিচালক, প্রাথমিক শিক্ষা ........................................................ বিভাগ
৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার ..................................................................... জেলা।
(নীতিমালাটি বিদ্যালয়ের প্রধান শিক্ষক/প্রতিষ্ঠান প্রধানসহ সকলের নিকট প্রেরণ নিশ্চিত করার অনুরোধ করা হলো)।
৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সচিবালয় ভবন, ৩য় ফেজ (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।

নং-৩৮.০০৬.০২০.০৭.০০.০৪৫.২০০৯-**১৩৮**

তারিখ ঃ ৬ জ্যৈষ্ঠ ১৪২০ বঙ্গাব্দ / ২০ মে ২০১৩ খ্রিস্টাব্দ

**অনুলিপিঃ**

১। পরিচালক (অর্থ), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
২। সচিবের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৩। অতিরিক্ত সচিব (উন্নয়ন)-এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।
৪। যুগ্মসচিব (বাজেট ও অডিট)-এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়।

২০/০৫/২০১৩

(মোঃ আলা উদ্দীন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৭২৬৩

E:\Budget Section\BUDGET\Rull_Shool_Rep-2010.doc